Department of Education
Chancellor Richard A. Carranza

15 এপ্রিল, 2020

প্রিয় পরিবারবর্গ:

বিগত কয়েক সপ্তাহ ধরে দূর থেকে শিক্ষা বাস্তবায়নকালে আপনাদের নমনীয়তা, ধৈর্য্য এবং অংশীদারত্বের জন্য আপনাদেরকে ধন্যবাদ জানাতে চাই। আমরা যখন দূরে থেকে শিক্ষার দ্বিতীয় পর্যায়ে পদার্পন করতে যাচ্ছি, শিক্ষা বছরের শেষ পর্যন্ত শিক্ষানির্দেশনা ও পরিষেবা প্রদানের জন্য প্রস্তুতি গ্রহণ করছি, এমন সময় দূর থেকে শিক্ষানির্দেশনা ও পরিষেবা সম্পর্কে আপনাদেরকে কিছু গুরুত্বপূর্ণ তথ্য দিতে চাই।

আমরা জানি যে কোনো কোনো শিক্ষার্থীর জন্য সশরীরে তাদের স্কুল ভবনে উপস্থিত না হওয়াটা তাদের জন্য দুরূহ, তবে সেটা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য উল্লেখযোগ্যভাবে তেমনটি হতে পারে। আমরা এ স্কুল বছরের অবশিষ্ট দিনগুলোতে দূর থেকে শিক্ষার পরিবেশে আপনাদের সন্তানের সাফল্য নিশ্চিত করার জন্য আপনাদের ছেলেমেয়ের প্রয়োজন নিয়ে আপনাদের সাথে সংযোগ রক্ষার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। পিতামাতা ও স্টাফগণ হয়তো অন্যদের সেবায় নিয়োজিত আছেন এবং/অথবা নিজেরাও হয়তো রোগের সাথে যুদ্ধ করছেন, এ কথা স্মরণ রেখে, নমনীয়তা গুরুত্বপূর্ণ। আমরা সকল শিক্ষার্থীকে তাদের ব্যক্তিগত চাহিদা অনুযায়ী পরিষেবাদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ, এবং আমরা সে প্রতিশ্রুতি রক্ষা করার ব্যাপারে বদ্ধপরিকর।

**শিক্ষা বছরের শেষ অবধি দূর থেকে শিক্ষানির্দেশনা ও পরিষেবার কিছু গুরুত্বপূর্ণ বিষয়**

- এই সময়ের মধ্যে স্কুল ও পরিবারের মধ্যে ঘন ঘন চিঠিপত্র আদানপ্রদান হবে। যোগাযোগ করা হবে আপনাদের বাড়ির ভাষায়। এই সময়ের মধ্যে, আপনার স্কুলকে আপনার সাথে অংশীদারত্ব গড়ে তুলতে হবে যাতে আপনার সন্তানের জন্য তার ইনডিভিজুয়েলাইজড্ এডুকেশন প্রোগ্রাম (IEP) অনুযায়ী স্পেশাল এডুকেশন দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) পরিকল্পনা প্রণয়ন করা যায়। যদি এখন অবধি তা করা না হয়, অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষকের সাথে কিংবা আপনার সন্তান যদি শুধু একটি সার্ভিস গ্রহণ করে, তাহলে আপনার সন্তানের রিলেটেটেড সার্ভিস প্রদানকারীর সাথে যোগাযোগ করুন। আপনি সফল না হলে specialeducation@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন বা 311 নম্বরে ফোন করুন।
- প্রতিবন্ধিতাযুক্ত প্রিস্কুল শিক্ষার্থীদের ক্ষেত্রে স্মরণ রাখবেন যে, দূর থেকে শিক্ষা পরিকল্পনা শুধু সেসব ছেলেমেয়েদের জন্য তৈরি করা হচ্ছে, যারা কোনো একটি সমন্বিত পরিবেশে বিশেষ ক্লাস (SCIS) কাঠামোর স্পেশাল ক্লাসে কিংবা DOE কোনো প্রগ্রামের স্পেশাল ক্লাসে আছে। প্রিস্কুল শিক্ষার্থীদের যারা রিলেটেড সার্ভিস বা শুধু স্পেশাল এডুকেশন ভ্রাম্যমাণ শিক্ষক পায়, তাদের জন্য সার্ভিস প্রদান করা হবে দূর থেকে।
- দূর থেকে শিক্ষা পরিকল্পনা:
    - শিক্ষক, রিলেটেড সার্ভিস প্রদানকারী, পরিবার এবং শিক্ষার্থীগণ এই অভিজ্ঞতা থেকে যা জানতে পারেন, তার ওপর ভিত্তি করে, এবং আপনাদের সাথে আলোচনার পর সময় সময় পরিবর্তিত হতে পারে। আলোচনার উদ্দেশ্য হলো দূর থেকে শিক্ষায় নিয়োজিত হতে আপনার সন্তানের কী প্রয়োজন (কোনো পরিবর্তনসহ) এবং কীভাবে পরিষেবা প্রদান করা হবে, তা নিয়ে কথা বলা।
    - সন্তানের পরিষেবা বা শিক্ষানির্দেশনার কিছু অংশে বা পুরোটা জুড়ে একটি ভিডিও অংশ সম্পৃক্ত থাকুক, সেটা আপনি চান কি-বা না চান, এবং যে পুনরাবৃত্তি বা স্থিতিকালে আপনি সম্মত হয়েছিলেন, তা কাজ করুক বা না করুক, আপনার সন্তান স্ক্রিনে কতোটুকু সময় সহ্য করতে পারে, সেটার প্রতি গুরুত্ব প্রদান করে তৈরি/হালনাগাদ করতে হবে।
    - এছাড়াও এই দুর্যোগকালে আপনি ও আপনার পরিবারের জন্য প্রয়োজনীয় নমনীয়তার সুযোগ দিয়ে নিশ্চিত করবে যে আপনার সন্তান বর্তমানে তার প্রয়োজনীয় সার্ভিস ও সহায়তা পাচ্ছে।
- IEP মিটিংগুলো অব্যাহত থাকবে, এবং ফোনে পরিচালিত হবে। প্রযোজ্য ক্ষেত্রে মূল্যায়ন হয়তো দূর থেকে সম্পাদন করা যেতে পারে। পিতামাতারা রেফারেল করতে প্রিন্সিপ্যালের কাছে ইমেইলে করতে পারেন specialeducation@schools.nyc.gov ঠিকানায়, অথবা ফোনে 311 নাম্বারে। প্রিস্কুল শিক্ষার্থীদের পিতামাতাগণ CPSE-এর সাথে যোগাযোগ করে রেফারেল পেতে পারেন (https://www.schools.nyc.gov/learning/special-education/help/committees-on-special-education)।

- আপনি যদি এখনও স্পিচ, অকুপেশন্যাল থেরাপি, এবং ফিজিক্যাল থেরাপির মতো দূরে থেকে রিলেটেড সার্ভিস প্রদানে সম্মতি না দিয়ে থাকেন, কিংবা কাউন্সেলিং প্রদানের একটি প্রস্তাব গ্রহণ করে থাকেন যা পেতে আগ্রহী, তাহলে অনুগ্রহ করে সার্ভিস প্রদানকারীর সাথে যোগাযোগ করুন। আপনি যদি অতীতে সার্ভিস প্রত্যাখ্যান করে থাকেন, তাহলে আপনি আপনার সিদ্ধান্ত পরিবর্তন করতে পারবে যে কোনো সময়; আপনাকে শুধু আপনার সন্তানের সার্ভিস প্রদানকারীর সাথে আপনার অবস্থান পরিবর্তনের কথা জানাতে হবে। আপনার সন্তানের সার্ভিস প্রদানকারীর সাথে যোগাযোগ কবায় আপনার সহায়তার প্রয়োজন্ হলে ইমেইল করুন specialeducation@schools.nyc.gov ঠিকানায় বা 311 নম্বরে ফোন করুন।

দূর থেকে শিক্ষানির্দেশনায় অংশগ্রহণ করতে আপনার সন্তানের একটি ডিভাইসের ও টেলিথেরাপির প্রয়োজন হলে এবং যদি তা এখনও না পেয়ে থাকেন, আপনি এই ওয়েবপেজে একটি সার্ভে পূরণ করতে পারেন: coronavirus.schools.nyc/RemoteLearningDevices অথবা 718-935-5100 নম্বরে ফোন করুন এবং 5 ডায়াল করুন। আপনি যদি ইতোমধ্যে সার্ভে সম্পন্ন করে থাকেন এবং এখনও কোনো ডিভাইস না পেয়ে থাকেন, কিংবা আপনার সন্তানের IEP-তে কোনো অ্যাসিস্টিভ টেকনোলোজি আছে যা এখনও আপনার হস্তগত হয়নি, তাহলে অনুগ্রহ করে specialeducation@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

এই চিঠির সাথে সংযুক্ত পরিবারসমূহের জন্য তৈরি COVID-19 সংকটকালীন বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলীর স্পেশাল এডুকেশন অংশটি দেখুন, সাথে সাথে আপনাকে ও আপনার সন্তানকে সহায়তার জন্য আমাদের তৈরি তথ্য-উপকরণ তালিকা দেখুন। এসব এসব প্রশ্ন ও তথ্য-উপকরণ পাওয়া যাবে এখানে: schools.nyc.gov/learn-at-home/information-on-remote-learning এবং যখন 12-মাসের IEP সম্পর্কে তথ্য-সহ আরও তথ্য পাওয়া যাবে, তখন আমরা অব্যাহতভাবে এই ওয়েবসাইট হালনাগাদ করবো। যেকোন সময়ে আপনার কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে specialeducation@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন কিংবা 311 নম্বরে ফোন করুন।

এই অবিশ্বাস্যরকম কঠোর সময়ে আপনাদের অংশীদারত্বের জন্য আপনাদের প্রতি আমাদের অশেষ কৃতজ্ঞতা।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন

# যেসব পরিবারে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী আছে, তাদের জন্য দূর থেকে শিক্ষা বা রিমোট লার্নিং সম্পর্কে বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## স্পেশাল এডুকেশন দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) পরিকল্পনা কী?

আপনার সন্তানের জন্য দূরে থেকে শিক্ষা পরিকল্পনা তৈরির জন্য আপনার স্কুলের পক্ষ থেকে আপনার সাথে যোগাযোগ করার কথা। অভাবিতপূর্ব এই সংকটে কীভাবে সার্ভিস প্রদান করা হবে, দূর থেকে শিক্ষা পরিকল্পনা তার রূপরেখা প্রণয়ন করে। এ ধরনের পরিকল্পনা তৈরিতে আপনার সন্তানের IEP হলো সূচনাকেন্দ্র এবং আপনার মতামত গুরূত্বপূর্ণ। আপনার সন্তানের নিয়মিত স্কুলের সময়সূচি প্রতিস্থাপন করা হবে না, এই ধারণা রেখে, দূর থেকে শিক্ষা পরিকল্পনার লক্ষ্য হলো শিক্ষানির্দেশনা ও পরিষেবা প্রদান করা যা আপনার সন্তানের IEP-এর লক্ষ্য অর্জনে সহায়তা করে। আপনি যদি এখনও পরিকল্পনা না পেয়ে থাকেন বা আপনার স্কুলের সাথে আলোচনা না করে থাকেন, তাহলে অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষকের সাথে এবং/অথবা রিলেটেড সার্ভিস প্রদানকারীর সাথে যোগাযোগ করুন। এছাড়াও, যে কোন পর্যায়ে আপনি যদি **অনুভব** করেন যে, আপনার সন্তানের দূরে থেকে শিক্ষা পরিকল্পনা যেন তার জন্য কাজ করছে না, অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষক এবং/অথবা রিলেটেড সার্ভিস প্রদানকারীর সাথে যোগাযোগ করুন। এছাড়াও যদি আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগে আপনার সহায়তার প্রয়োজন হয়, তাহলে আপনি ইমেইল করতে পারেন specialeducation@schools.nyc.gov ঠিকানায়।

## আমার সন্তানের স্পেশাল এডুকেশন দূরে থেকে শিক্ষা (রিমোট লার্নিং) পরিকল্পনা কি পুনর্বিবেচনা করা যেতে পারে?

হ্যাঁ, আগামী সপ্তাহে আপনার দেওয়া মতামতের দ্বারা পরিচালিত সার্ভিসসহ স্পেশাল এডুকেশন দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) পরিকল্পনা পূর্ণাঙ্গরূপে বাস্তবায়ন করা হবে 20 এপ্রিল শুরু সপ্তাহে। আগামী সপ্তাহগুলোতে পরিষেবা প্রদানকারীগণ আপনার সাথে সংযোগ রক্ষা করবেন যাতে আপনার সন্তানের অগ্রগতির প্রতি লক্ষ্য রাখা যায়। কোন পরিষেবা যদি না দেওয়া হয় বা টেলিথেরাপিতে অন্য কোনো বিপত্তি দেখা যায়, তাহলে প্রত্যক্ষ পরিষেবা শুরু হলে সম্ভাব্য দ্রুত সেটা শুধরে নেওয়া হবে।

## আমার সন্তান কীভাবে শিক্ষা নির্দেশনা পাবে?

যদি আপনার সন্তানের জন্য ইনটিগ্রেটেড কো-টিচিং, স্পেশাল ক্লাস, কিংবা স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিস সুপারিশকৃত হয়, তাহলে আপনার স্কুল সাধ্যমতো চেষ্টা করবে যাতে সেসব শিক্ষানির্দেশনা সাধারণত ক্লাসরুমে যেসব স্পেশাল এডুকেশন শিক্ষক এবং/অথবা শিক্ষকদের টিম ও প্যারাপ্রফেশন্যাল(গণ) প্রদান করতেন, তাদের কাছ থেকে প্রদান অব্যাহত রাখা যায়। কীভাবে শিক্ষানির্দেশনা প্রদান করা হবে, সেটা জানাতে আপনার স্কুল থেকে কেউ আপনাদের সাথে যোগাযোগ করবেন।

## আমার সন্তান কি এখনও রিলেটেড সার্ভিসেস (সম্পর্কিত পরিষেবাসমূহ) গ্রহণ করবে?

যেখানে চিকিৎসাগতভাবে যথাযথ সেখানে রিলেটেড সার্ভিসেস (সম্পর্কিত পরিষেবাসমূহ) প্রদান করা হবে (ফোনে) টেলেথেরাপি অথবা ভিডিও-কনফারেন্সের মাধ্যমে। প্রতিটি শিক্ষার্থীর জন্যে পরিষেবার পরিকল্পনাগুলো আলোচনা করার জন্যে পরিষেবা প্রদানকারী ও স্কুলগুলো পরিবারের সাথে যোগাযোগ করবে। এছাড়াও পরিষেবা প্রদানকারীগণ পরিবারদের বিভিন্ন কর্মকান্ডের তথ্য প্রদান করবে যার মাধ্যমে রিলেটেড সার্ভিসেস (সম্পর্কিত পরিষেবাসমূহ) বাড়িতে জোরদার করা যেতে পারে।

## কোন্ পদ্ধতিতে রিলেটেড সার্ভিস প্রদান করা হবে?

আমাদের স্পিচ-ল্যাঙ্গুয়েজ থেরাপি, অকুপেশন্যাল থেরাপি, এবং ফিজিক্যাল থেরাপি প্রদানকারীদের সম্ভব ও প্রযোজ্য হলে, অডিও-ভিডিও সংযোগের মাধ্যমে পরিষেবা প্রদান করতে আমরা জোর সুপারিশ করছি। কিছু শিক্ষার্থীর স্ক্রিনে সময় কম ব্যবহারের প্রয়োজন হতে পারে বা তারা ফোনে পরিষেবা প্রদান থেকে উপকৃত হতে পারে, এবং কিছু পরিবার এসব পরিষেবাকে অগ্রাধিকার দিতে পারেন। তবে যদি আপনার সন্তানের পরিষেবা ভিডিও উপাদান সহযোগে প্রদান করা না হয় এবং আপনি যদি উপাদানটি প্রত্যাশা করেন, তাহলে আপনি আপনার পরিষেবা প্রদাকারীর সাথে কথা বলুন। কাউন্সেলিং প্রদান করা হতে পারে অডিও-ভিডিও সংযোগের মাধ্যমে কিংবা ফোনে। স্পেশাল এডুকেশন দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) পরিকল্পনাটিকে পরিষেবা প্রদানের সম্মত প্রক্রিয়ার প্রতিফলন ঘটাতে হবে।

Department of Education
Chancellor Richard A. Carranza

## আমার সন্তানের IEP মিটিং কি এখনও অনুষ্ঠিত হবে?

হ্যাঁ। IEP মিটিংগুলো ফোনে পরিচালিত হবে।

## প্রাথমিক মূল্যায়ন অথবা পুনঃমূল্যায়নের জন্য আমি কি রেফারেল করতে সক্ষম হবো?

পিতামাতারা রেফারেল করতে প্রিন্সিপ্যালের কাছে ইমেইলে করতে পারেন specialeducation@schools.nyc.gov ঠিকানায়, অথবা ফোনে 311 নাম্বারে। মূল্যায়ন হয়ত দূর থেকে সম্পাদন করা যেতে পারে।

## আমার সন্তান কী সহায়ক প্রযুক্তি বা অ্যাসিস্টিভ টেকনলজি পাবে?

যেসব শিক্ষার্থীর জন্যে অ্যাসিস্টিভ টেকনলজি সুপারিশ করা হয়েছে সেসব পরিবারে ডিভাইস প্রদান নিশ্চিত করতে স্কুলগুলো পরিবারের সাথে কাজ করবে, এবং সেগুলো বন্দোবস্ত করতে পরিবারের সাথে যোগাযোগ করবে।

## এই সময়ে আমার সন্তানকে সহায়তাদানকারী তথ্য উপকরণ আমি কোথায় পেতে পারি?

বাড়িতে শেখা
schools.nyc.gov/learn-at-home

দূরে থেকে শিক্ষা সম্পর্কিত তথ্য
schools.nyc.gov/learn-at-home/information-on-remote-learning

অ্যাসিসটিভ টেকনোলজি (সহায়ক প্রযুক্তি)
schools.nyc.gov/learn-at-home/activities-for-students/diverse-learning-for-special-populations/assistive-technology

অক্যুপেশনাল থেরাপি
schools.nyc.gov/learn-at-home/activities-for-students/diverse-learning-for-special-populations/occupational-therapy-supporting

ফিজিক্যাল থেরাপি
schools.nyc.gov/learn-at-home/activities-for-students/diverse-learning-for-special-populations/physical-therapy-supports

স্পিচ থেরাপি
schools.nyc.gov/learn-at-home/activities-for-students/diverse-learning-for-special-populations/speech-therapy-supports

গেট রেডি টু লার্ন (শেখার জন্য প্রস্তুত হও) প্রজেক্ট
thegetreadyproject.com/copy-of-ready-breaks

একটি নতুন অনলাইন প্লাটফরমে সার্ভিস ডেলিভারির (পরিষেবা প্রদানের জন্য) তথ্য-উপকরণ
How to Get Started in Microsoft Teams
How to Get Started in Google Classroom